

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়  
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া  
<http://fisheries.ashuganj.brahmanbaria.gov.bd>

পত্র নং - ৩৩.০২.১২৩৩.০০০.৫০১.১৮.০০০১.২৫.৬৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ ব:  
৩০ জুলাই ২০২৫ খ্রি.

অফিস আদেশ


উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এর ২০২৫-২৬ “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা” মোতাবেক চলমান কার্যক্রম সমূহ সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত দপ্তরের ইনোভেশন অফিসার নির্ধারণপূর্বক নিম্নলিখিতভাবে ইনোভেশন টিম গঠন করা হলো:

ক্রমিক নং	কর্মকর্তার নাম	পদবি ও কর্মস্থল	কমিটিতে পদ
১.	জনাব মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান	উপজেলা মৎস্য কর্মকর্তা, আশুগঞ্জ	ইনোভেশন অফিসার
২.	জনাব ফাহিমা বেগম	ক্ষেত্র সহকারী	সদস্য
৩.	জনাব মোঃ আতিকুর রহমান	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	সদস্য

ইনোভেশন টিম ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ মোতাবেক ইনোভেশন কার্যক্রম সম্পাদন করবেন।

ইনোভেশন টিমের কার্যপরিধি:

- টিমের সদস্যগণ ত্রৈমাসিক ন্যূনতম ১ (এক) বার কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা করবেন।
- দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে উদ্ভাবনী আইডিয়া/ধারণা/উদ্যোগ আহবান করবেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সহায়তার সুপারিশ/পরামর্শ প্রদান করবেন।
- ন্যূনতম একটি সেবাকে ডিজিটাইজ করবেন।
- স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে মৎস্য সেক্টরে করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করবেন।
- তথ্য বাতায়ন/ই-নথি/ ইনোভেশন / সেবা সহাজিকরণ/ডিজিটাইজেশন বিষয়ে সক্ষমতা বৃদ্ধির নিমিত্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবেন।
- দেশে /বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন করবেন এবং পরিদর্শন শেষে উপজেলা মৎস্য কর্মকর্তা বরাবর বিস্তারিত পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।
- মৎস্য দপ্তরে চলমান কার্যক্রমসমূহের বাস্তবায়িত ইনোভেশন উদ্যোগসমূহের তালিকা সংগ্রহ, পরিদর্শন এবং প্রয়োজনে দিকনির্দেশনা প্রদান করবেন।
- টিম প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট কর্মকর্তা/ দপ্তরের সহায়তা নিয়ে কার্যসম্পাদন করবেন।

  
৩০/০৭/২৫

মোহাম্মদ আব্দুল্লাহ আল ইমরান  
উপজেলা মৎস্য কর্মকর্তা  
টেলিফোনঃ ০২৩৩৩৪৩১৮০১

ufoashuganj@fisheries.gov.bd

পত্র নং - ৩৩.০২.১২৩৩.০০০.৫০১.১৮.০০০১.২৫.৬৪

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩২ ব:  
৩০ জুলাই ২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।
- ৩। জনাব ....., অত্র দপ্তর।
- ৪। দপ্তর নথি।

  
৩০/০৭/২৫  
উপজেলা মৎস্য কর্মকর্তা